


**যে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নথি নম্বর-৮০.০০.০০০০.২০০.০৪৬.১১৫.২১-৬৫১

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮ / ৩০ নভেম্বর ২০২১

# বিজ্ঞপ্তি

## ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১

বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত বিভিন্ন ক্যাডারের শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর মাধ্যমে পূরণের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা হলো:

**ক. সাধারণ ক্যাডারসমূহ/ক্যাডারের পদসমূহ:**

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | বি.সি.এস. (প্রশাসন) | সহকারী কমিশনার | ১১০ | ২৫০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাসের পর ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ. থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। |
| ২. | বি.সি.এস. (পররাষ্ট্র বিষয়ক) | সহকারী সচিব | ১১৫ | ১০ | ঐ |
| ৩. | বি.সি.এস. (পুলিশ) | সহকারী পুলিশ সুপার | ১১৭ | ৫০ | ঐ |
| ৪. | বি.সি.এস. (আনসার) | সহকারী পরিচালক/সহকারী জেলা কমান্ড্যান্ট/ব্যাটালিয়ন উপ-অধিনায়ক | ১১৮ | ১৪ | ঐ |
| ৫. | বি.সি.এস. (নিরীক্ষা ও হিসাব) | সহকারী মহা-হিসাবরক্ষক | ১১২ | ৩০ | ঐ |
| ৬. | বি.সি.এস. (কর) | সহকারী কর কমিশনার | ১১৪ | ১১ | ঐ |
| ৭. | বি.সি.এস. (সমবায়) | সহকারী নিবন্ধক | ১১৯ | ০৮ | ঐ |
| ৮. | বি.সি.এস. (রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক) | সহকারী ট্রাফিক সুপারিনটেন্ডেন্ট | ১২৫ | ০৭ | ঐ |
| ৯. | বি.সি.এস. (তথ্য) | ক. সহকারী পরিচালক/তথ্য অফিসার/গবেষণা কর্মকর্তা/সমমানের পদ | ১২১ | ০১ | ঐ |
| | | খ. সহকারী পরিচালক [অনুষ্ঠান] | ১২২ | ০৭ | ঐ |
| | | গ. সহকারী বার্তা নিয়ন্ত্রক | ১২৩ | ০২ | ঐ |
| ১০. | বি.সি.এস. (ডাক) | সহকারী পোস্টমাস্টার জেনারেল/সমমানের পদ | ১১৬ | ২৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাসের পর ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ. থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১১. | বি.সি.এস. (বাণিজ্য) | সহকারী নিয়ন্ত্রক/সমমানের পদ | ১২০ | ০৬ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাসের পর ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ. থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। |
| ১২. | বি.সি.এস. (পরিবার পরিকল্পনা) | পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ১২৪ | ২৭ | ঐ |
| ১৩. | বি.সি.এস. (খাদ্য) | সহকারী খাদ্য নিয়ন্ত্রক/ সমমানের পদ | ১১১ | ০৩ | ঐ |
| | | | **মোট =** | **৪৪৯** | |

**খ. প্রফেশনাল বা টেকনিক্যাল ক্যাডারসমূহ/ক্যাডারের প্রফেশনাল বা টেকনিক্যাল পদসমূহ:**

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৪. | বি.সি.এস. (রেলওয়ে প্রকৌশল) | ক. সহকারী নির্বাহী প্রকৌশলী | ৩৫৩ | ০১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোনো স্বীকৃত ইন্স্টিটিউট্ হতে এ.এম.আই.ই-এর “এ” এবং “বি” সেকশন পাস। | ৩০৩ | ৮৮১ |
| | | | | | | ৩২৬ | |
| | | খ. সহকারী যন্ত্র প্রকৌশলী | ৩৫১ | ০৮ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোনো স্বীকৃত ইন্স্টিটিউট্ হতে এ.এম.আই.ই-এর “এ” এবং “বি” সেকশন পাস। | ৩১২ | ৯০১ |
| | | | | | | ৩২৬ | |
| | | গ. সহকারী সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী | ৩৫৪ | ০৬ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোনো স্বীকৃত ইন্স্টিটিউট্ হতে এ.এম.আই.ই-এর “এ” এবং “বি” সেকশন পাস। | ৩০৫ | ৮৯১ |
| | | | | | | ৩০৬ | |
| | | | | | | ৩০৭ | ২৭১ |
| | | | | | | ৩২৬ | ওপরের যে কোন বিষয় |
| | | ঘ. সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক | ৩৫২ | ০১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎকৌশল/যন্ত্রকৌশল/পুরকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোনো স্বীকৃত ইন্স্টিটিউট্ হতে এ.এম.আই.ই-এর “এ” এবং “বি” সেকশন পাস। | ৩০৩ | ৮৮১ |
| | | | | | | ৩০৫ | ৮৯১ |
| | | | | | | ৩০৬ | |
| | | | | | | ৩০৭ | ২৭১ |
| | | | | | | ৩১২ | ৯০১ |
| | | | | | | ৩২৬ | ওপরের যে কোন বিষয় |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | (৭) | |
| | বি.সি.এস. (রেলওয়ে প্রকৌশল) | ঙ. সহকারী বৈদ্যুতিক প্রকৌশলী | ৩৫৫ | ০৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা এর সমমানের ডিগ্রি। অথবা কোনো স্বীকৃত ইন্স্টিটিউট্ হতে এ.এম.আই.ই. এর “এ” এবং “বি” সেকশন পাস। | ৩০৫ | ৮৯১ |
| | | | | | | ৩০৬ | |
| | | | | | | ৩০৭ | ২৭১ |
| | | | | | | ৩২৬ | ওপরের যে কোন বিষয় |
| ১৫. | বি.সি.এস. (তথ্য) | সহকারী বেতার প্রকৌশলী | ৫৩০ | ০২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফলিত পদার্থবিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.’তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.’তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.’তে মাস্টার্স ডিগ্রি অথবা উক্ত বিষয়ে ৪ [চার] বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.’তে অনার্স ডিগ্রি অথবা ইলেকট্রিক্যাল অথবা ইলেকট্রনিক্স অথবা মাইক্রোওয়েভে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | ১০৪ | ৫২১ |
| | | | | | | ৩০৫ | ৮৯১ |
| | | | | | | ৩০৬ | |
| | | | | | | ৩০৭ | ২৭১ |
| | | | | | | ৩২৫ | ওপরের যে কোন বিষয় |
| ১৬. | বি.সি.এস. (বন) | সহকারী বন সংরক্ষক | ৫৫০ | ০৫ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বনবিদ্যা অথবা বি.এসসি. কৃষি অথবা উদ্ভিদ বিজ্ঞান অথবা প্রাণী বিজ্ঞান অথবা মৃত্তিকা পানি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.’তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.’তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা উল্লিখিত বিষয়ে ৪ [চার] বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.’তে অনার্স ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.’তে স্নাতকোত্তর ডিগ্রি। | ১৭৭ | ৮৭১ |
| | | | | | | ২০১ | ৮০১ |
| | | | | | | ১১১ | ৫৮১ |
| | | | | | | ১৬৬ | ৫৭১ |
| | | | | | | ১৫৮ | ৬২১ |
| ১৭. | বি.সি.এস. (সড়ক ও জনপথ) | ক. সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩৩১ | ২৯ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। অথবা কোনো স্বীকৃত ইন্স্টিটিউট্ হতে এ.এম.আই.ই. এর “এ” এবং “বি” সেকশন পাস। | ৩০৩ | ৮৮১ |
| | | | | | | ৩২৬ | |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | (৭) | |
| | বি.সি.এস. (সড়ক ও জনপথ) | খ. সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ৩৩২ | ০৭ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি।<br>অথবা<br>কোনো স্বীকৃত ইন্স্টিটিউট্ হতে এ.এম.আই.ই. এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩১২<br>৩২৬ | ৯০১ |
| ১৮. | বি.সি.এস. (মৎস্য) | উপজেলা মৎস্য কর্মকর্তা | ২৪০ | ১৫ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মৎস্য বিষয়ে অনার্সসহ ডিগ্রি। | ২৩১ | ৮৫১ |
| ১৯. | বি.সি.এস. (পশুসম্পদ) | ক. ভেটেরিনারি সার্জন/সায়েন্টিফিক অফিসার/লেকচারার/স্টোর অফিসার/সমমানের পদ | ২৭০ | ১৬৮ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.' তে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডি.ভি.এম.) ডিগ্রিসহ রেজিস্টার্ড ভেটেরিনারি প্র্যাকটিশনার হতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশু চিকিৎসা এবং পশুপালন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.' তে বি.এসসি. ডিগ্রি। | ২৩০ | ৮৪১ |
| | | খ. সায়েন্টিফিক অফিসার/লেকচারার/প্রাণিপুষ্টি কর্মকর্তা/অফিসার ইনচার্জ /জু-অফিসার/পাবলিসিটি অফিসার/এ্যানিমেল প্রোডাকশন অফিসার/পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার/এসিসটেন্ট পোল্ট্রি এক্সটেনশন অফিসার/সমমানের পদ | ২৮১ | ৪২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশুপালন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে বি.এসসি. অনার্স ডিগ্রি।<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশু চিকিৎসা এবং পশুপালন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.' তে বি.এসসি. ডিগ্রি। | ২১০ | ৮৩১ |
| ২০. | বি.সি.এস. (কৃষি) | ক. **কৃষি অধিদপ্তর:** কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/কীটতত্ত্ববিদ/প্রকাশনা অফিসার/ইনস্ট্রাক্টর/বীজ বিশ্লেষক/নমুনা সংগ্রহ অফিসার/সমমানের পদ | ২২৭ | ৪২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি. (কৃষি) অনার্স ডিগ্রি। | ২০১ | ৮০১ |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | (৭) | (৮) |
| | বি.সি.এস. (কৃষি) | খ. **মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্স্টিটিউট্:** বৈজ্ঞানিক কর্মকর্তা | ২২৬ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে ন্যূনতম ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে অনার্স ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি. (কৃষি) অনার্স ডিগ্রিসহ মৃত্তিকা বিজ্ঞান (Soil Science) বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি. (কৃষি) অনার্স ডিগ্রিসহ কৃষি রসায়ন (Agricultural Chemistry) বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি. (কৃষি) অনার্স ডিগ্রি। | ১৫৮<br>২০৯<br>২০২<br>২০১ | ৬২১<br>৮০১ |
| ২১. | বি.সি.এস. (স্বাস্থ্য) | ক. সহকারী সার্জন | ৪১০ | ১০০ | এম.বি.বি.এস. অথবা সমমানের ডিগ্রি | ৩৯১ | ৭৭১ |
| | | খ. সহকারী ডেন্টাল সার্জন | ৪৫০ | ২৫ | বি.ডি.এস. অথবা সমমানের ডিগ্রি | ৩৯২ | ৭৯১ |
| ২২. | বি.সি.এস. (গণপূর্ত) | ক. সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩১১ | ২২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা এর সমমানের ডিগ্রি।<br>অথবা<br>এ.এম.আই.ই. এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৩<br>৩২৬ | ৮৮১ |
| | | খ. সহকারী প্রকৌশলী(ই/এম) | ৩১২ | ০৬ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎকৌশল/যন্ত্রকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোনো স্বীকৃত ইন্স্টিটিউট্ হতে এ.এম.আই.ই. এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৫<br>৩০৬<br>৩০৭<br>৩১২<br>৩২৬ | ৮৯১<br><br>২৭১<br>৯০১<br>ওপরের যে কোন বিষয় |
| | | | **মোট =** | **৪৮৫** | | | |

গ. বি.সি.এস. (সাধারণ শিক্ষা): সরকারি সাধারণ কলেজসমূহের জন্য

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২৩. | বি.সি.এস. (সাধারণ শিক্ষা): (সরকারি সাধারণ কলেজসমূহের জন্য) | ১. প্রভাষক (বাংলা) | ৬১০ | ২৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতক (সম্মান) ডিগ্রি। | ১০৮ | ১১১ |
| | | ২. প্রভাষক (ইংরেজি) | | ২৮ | ঐ | ১২০ | ১২১ |
| | | ৩. প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) | | ৩৩ | ঐ | ১৪৮ | ৩৪১ |
| | | ৪. প্রভাষক (দর্শন) | | ৩২ | ঐ | ১৪৬ | ২১১ |
| | | ৫. প্রভাষক (অর্থনীতি) | | ৩০ | ঐ | ১১৮ | ৩৩১ |
| | | ৬. প্রভাষক (প্রাণিবিদ্যা) | | ২৬ | ঐ | ১৬৬ | ৫৯১ |
| | | ৭. প্রভাষক (ইতিহাস) | | ২৮ | ঐ | ১২৬ | ১৮১ |
| | | ৮. প্রভাষক (সমাজকল্যাণ) | | ১৩ | ঐ | ১৫৬ | ৩৬১ |
| | | ৯. প্রভাষক (রসায়ন) | | ০৮ | ঐ | ১১৩ | ৫৩১ |
| | | | | | | ১০৩ | ৫৪১ |
| | | | | | | ১১০ | ৬০১ |
| | | ১০. প্রভাষক (ইসলামী শিক্ষা) | | ০৩ | ঐ | ১৩১ | ২০১ |
| | | ১১. প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) | | ২৫ | ঐ | ১৩০ | ১৯১ |
| | | ১২. প্রভাষক (পদার্থবিদ্যা) | | ১৬ | ঐ | ১৪৭ | ৫১১ |
| | | | | | | ১০৪ | ৫২১ |
| | | ১৩. প্রভাষক (উদ্ভিদবিদ্যা) | | ০৯ | ঐ | ১১১ | ৫৮১ |
| | | ১৪. প্রভাষক (সমাজবিজ্ঞান) | | ০৮ | ঐ | ১৫৭ | ৩৫১ |
| | | ১৫. প্রভাষক (গণিত) | | ১৮ | ঐ | ১৩৯ | ৫৫১ |
| | | | | | | ১০৫ | ৫৬১ |
| | | ১৬. প্রভাষক (ভূগোল) | | ০২ | ঐ | ১২৪ | ৩১১ |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | বি.সি.এস. (সাধারণ শিক্ষা): সরকারি সাধারণ কলেজসমূহের জন্য | ১৭. প্রভাষক (মৃত্তিকাবিজ্ঞান) | ৬১০ | ১১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতক (সম্মান) ডিগ্রি। | ১৫৮ | ৬২১ |
| | | ১৮. প্রভাষক (হিসাববিজ্ঞান) | | ২৮ | ঐ | ১০১ | ৭০১ |
| | | ১৯. প্রভাষক (মার্কেটিং) | | ১৪ | ঐ | ১৩৮ | ৭২১ |
| | | ২০. প্রভাষক (ব্যবস্থাপনা) | | ২৮ | ঐ | ১৩৭ | ৭৩১ |
| | | ২১. প্রভাষক (ফিন্যান্স ও ব্যাংকিং) | | ০৩ | ঐ | ১০৯<br>১২১ | ৭১১ |
| | | ২২. প্রভাষক (কৃষিবিজ্ঞান) | | ০৭ | ঐ | ২০১ | ৮০১ |
| | | ২৩. প্রভাষক (পরিসংখ্যান) | | ০২ | ঐ | ১৫৯ | ৯৮১ |
| | | | **মোট =** | **৪০১** | | | |

**ঘ. বি.সি.এস. (সাধারণ শিক্ষা): সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের জন্য**

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড | ডিপ্লোমা/ বি.এড./ এম.এড. |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২৪. | বি.সি.এস. (সাধারণ শিক্ষা): সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের জন্য | ১. প্রভাষক (বাংলা) | ৬২০ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং শিক্ষা বিষয়ে ডিগ্রি/ডিপ্লোমা | ১০৮ | ১১১ | ডিপ্লোমা/ বি.এড./ এম.এড. যে কোন একটি |
| | | ২. প্রভাষক (গণিত) | | ০১ | ঐ | ১৩৯<br>১০৫ | ৫৫১<br>৫৬১ | ঐ |
| | | ৩. প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) | | ০১ | ঐ | ১৪৮ | ৩৪১ | |
| | | ৪. প্রভাষক (ভূগোল) | | ০১ | ঐ | ১২৪ | ৩১১ | |
| | | ৫. প্রভাষক (গার্হস্থ্য অর্থনীতি) | | ০১ | ঐ | ১২৭ | ৩৯১ | |
| | | ৬. প্রভাষক (গ্রন্থাগার বিজ্ঞান) | | ০১ | ঐ | ১৩৫ | ৪১১ | |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড | ডিপ্লোমা/ বি.এড./ এম.এড. |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | বি.সি.এস. (সাধারণ শিক্ষা): সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজসমূহের জন্য | ৭. প্রভাষক (শিক্ষা) | ৬২০ | ০৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং শিক্ষা বিষয়ে ডিগ্রি/ডিপ্লোমা | ১১৯ | ২২১ | ডিপ্লোমা/ বি.এড./ এম.এড. যে কোন একটি |
| | | ৮. প্রভাষক (বিজ্ঞান) | | ০১ | ঐ | বিজ্ঞান শাখার সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/ স্নাতকোত্তর বিষয়ের কোড | স্নাতক/ স্নাতকোত্তর বিষয়ের পদ সংশ্লিষ্ট বিষয় কোড | ঐ |
| | | ৯. প্রভাষক (ইসলামিক আদর্শ) | | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বা ইসলাম শিক্ষা বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং শিক্ষা বিষয়ে ডিগ্রি/ডিপ্লোমা | ১০৬<br>১৩১ | ১৩১<br>২০১ | ঐ |
| | | ১০. প্রভাষক (চারু ও কারুকলা) | | ০৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে বি.এফ.এ ডিগ্রিসহ ফাইন আর্টসে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি | ১২২ | ৪৬৯ | ঐ |
| | | ১১. প্রভাষক (গাইডেন্স এন্ড কাউন্সিলিং) | | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মনোবিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং শিক্ষা বিষয়ে ডিগ্রি/ডিপ্লোমা | ১৪৯ | ১৭১ | ঐ |
| | | ১২. প্রভাষক (মেন্টাল হাইজিন) | | ০১ | ঐ | ১৪৯ | ১৭১ | ঐ |
| | | ১৩. প্রভাষক (প্রফেশনাল ইথিক্স) | | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দর্শন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং শিক্ষা বিষয়ে ডিগ্রি/ডিপ্লোমা | ১৪৬ | ২১১ | ঐ |
| | | | **মোট=** | **২০** | | | | |

**৬. বি.সি.এস. (কারিগরি শিক্ষা):** পলিটেকনিক ইন্‌স্টিটিউট্, গ্রাফিক আর্টস ইন্‌স্টিটিউট্, বাংলাদেশ ইন্‌স্টিটিউট্ অব গ্লাস এন্ড সিরামিক এর জন্য।

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২৫. | বি.সি.এস. (কারিগরি শিক্ষা): পলিটেকনিক ইন্‌স্টিটিউট্, গ্রাফিক আর্টস ইন্‌স্টিটিউট্, বাংলাদেশ সার্ভে ইন্‌স্টিটিউট্, গ্লাস এন্ড সিরামিক ইন্‌স্টিটিউট্ এর জন্য | ১. ইন্সট্রাক্টর (টেক/সিভিল) | ৬৪০ | ৩৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বি.এড. (টেক) বা বি.এসসি. (টেকনিক্যাল এডুকেশন) ডিগ্রি। | ৩০৩ | ৮৮১ |
| | | ২. ইন্সট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল) | | ৪৭ | -ঐ- | ৩০৫ | ৮৯১ |
| | | ৩. ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল) | | ৪০ | -ঐ- | ৩১২ | ৯০১ |
| | | ৪. ইন্সট্রাক্টর (টেক/পাওয়ার) | | ৩৭ | -ঐ- | ৩১২ | ৯০১ |
| | | ৫. ইন্সট্রাক্টর (টেক/ইলেকট্রনিক্স) | | ০৯ | -ঐ- | ৩০৭ | ২৭১ |
| | | ৬. ইন্সট্রাক্টর (টেক/অটোমোবাইল) | | ০৫ | -ঐ- | ৩১২ | ৯০১ |
| | | ৭. ইন্সট্রাক্টর (টেক/রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) | | ০৩ | -ঐ- | ৩১২ | ৯০১ |
| | | ৮. ইন্সট্রাক্টর (টেক/কেমিক্যাল) | | ০২ | -ঐ- | ৩০২ | ৯১১ |
| | | ৯. ইন্সট্রাক্টর (টেক/আর্কিটেকচার) | | ০৭ | -ঐ- | ৩০১ | ৯৩১ |
| | | ১০. ইন্সট্রাক্টর (টেক/ফুড) | | ০৩ | -ঐ- | ৩২৮ | ৪৭৮ |
| | | | | | | ৩০২ | ৯১১ |
| | | ১১. ইন্সট্রাক্টর (টেক/সার্ভে) | | ০৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইন্‌স্টিটিউট্ হতে বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৩০৩ | ৮৮১ |
| | | ১২. ইন্সট্রাক্টর (টেক/সিভিল উড) | | ০২ | -ঐ- | ৩০৩ | ৮৮১ |
| | | ১৩. ইন্সট্রাক্টর (টেক/সিরামিক) | | ০৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিরামিক অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ বি.এসসি. ডিগ্রি অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নসহ স্নাতক ডিগ্রি এবং ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ সিরামিক বিষয়ে ডিপ্লোমা। | ৩২৭ | ৪৯১ |
| | | | | | | ৩০২ | ৯১১ |
| | | ১৪. ইন্সট্রাক্টর (টেক/গ্লাস) | | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্লাস অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ বি.এসসি. ডিগ্রি অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নসহ স্নাতক ডিগ্রি এবং ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ গ্লাস বিষয়ে ডিপ্লোমা। | ৩২৯ | ৪৯২ |
| | | | | | | ৩০২ | ৯১১ |
| | | ১৫. ইন্সট্রাক্টর (টেক/গ্রাফিক ডিজাইন) | | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইন্‌স্টিটিউট্ হতে গ্রাফিক ডিজাইন অথবা এর সমমানের বিষয়ে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং অথবা স্নাতক ডিগ্রি। | ৩৩০ | ৪৯৩ |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | বি.সি.এস. (কারিগরি শিক্ষা): পলিটেকনিক ইন্স্টিটিউট্, গ্রাফিক আর্টস ইন্স্টিটিউট্, বাংলাদেশ সার্ভে ইন্স্টিটিউট্, গ্লাস এন্ড সিরামিক ইন্স্টিটিউট্ এর জন্য | ১৬. ইন্সট্রাক্টর (টেক/প্রিন্টিং) | ৬৪০ | ০৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইন্স্টিটিউট্ হতে প্রিন্টিং টেকনোলজি অথবা এর সমমানের বিষয়ে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং অথবা স্নাতক ডিগ্রি। | ৩৩১ | ৪৯৪ |
| | | ১৭. ওয়ার্কশপ সুপারিনটেন্ডেন্ট (অটোমোবাইল) | | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল বিষয়ে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বি.এড. (টেক) বা বি.এসসি. (টেকনিক্যাল এডুকেশন) ডিগ্রি। | ৩১২ | ৯০১ |
| | | ১৮. ইন্সট্রাক্টর (নন-টেক/গণিত) | | ৪৮ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে সম্মানসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.'তে স্নাতকোত্তর ডিগ্রি। | ১৩৯ | ৫৫১ |
| | | | | | | ১০৫ | ৫৬১ |
| | | ১৯. ইন্সট্রাক্টর (নন-টেক/পদার্থ) | | ৩০ | -ঐ- | ১০৪ | ৫২১ |
| | | | | | | ১৪৭ | ৫১১ |
| | | ২০. ইন্সট্রাক্টর (নন-টেক/রসায়ন) | | ১৯ | -ঐ- | ১০৩ | ৫৩১ |
| | | | | | | ১১৩ | ৫৪১ |
| | | ২১. ইন্সট্রাক্টর (নন-টেক/বাংলা) | | ১৬ | -ঐ- | ১০৮ | ১১১ |
| | | ২২. ইন্সট্রাক্টর (নন-টেক/ইংরেজি) | | ১৭ | -ঐ- | ১২০ | ১২১ |
| | | ২৩. ইন্সট্রাক্টর (নন-টেক/একাউন্টিং) | | ১৫ | -ঐ- | ১০১ | ৭০১ |
| | | ২৪. ইন্সট্রাক্টর (নন-টেক/ম্যানেজমেন্ট) | | ০৩ | -ঐ- | ১৩৭ | ৭৩১ |
| | | | **মোট=** | **৩৫৫** | | | |

**সর্বমোট শূন্য পদের সংখ্যা= ৪৪৯+৪৮৫++৪০১+২০+৩৫৫=১৭১০**

## ১.০ বিশেষ নির্দেশনা:

১.১ নতুন পদসৃষ্টি, পদবিলুপ্তি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১.২ **ইকুইভ্যালেন্স সনদ:** বিজ্ঞাপিত ক্যাডার পদসমূহের জন্য কোন প্রার্থীর নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা না থাকলে উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী বিদেশ হতে অর্জিত কোন ডিগ্রিকে বিজ্ঞাপিত বি.সি.এস. ক্যাডার পদসমূহের জন্য প্রযোজ্য শিক্ষাগত যোগ্যতার সমমানের দাবি করলে প্রার্থীকে সে মর্মে ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। ইকুইভ্যালেন্স সনদের জন্য মেডিকেল ডিগ্রিধারীদের বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ডি.ভি.এম. ডিগ্রিধারীদের ক্ষেত্রে ভেটেরিনারি কাউন্সিল এবং অন্যান্য বিষয়ে ডিগ্রিধারীদের শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সঙ্গে যোগাযোগ করতে পরামর্শ দেয়া হলো। উক্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১.৩ **অবতীর্ণ প্রার্থীর যোগ্যতা:** যদি কোন প্রার্থী এমন কোন পরীক্ষায় অবতীর্ণ হয়ে থাকেন যে পরীক্ষায় পাস করলে তিনি ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এ অংশগ্রহণের যোগ্যতা অর্জন করবেন এবং যদি তার ঐ পরীক্ষার ফলাফল ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর আবেদনপত্র জমা দেয়ার (অনলাইন রেজিস্ট্রেশন) শেষ তারিখ পর্যন্ত প্রকাশ না হয় তাহলেও তিনি অবতীর্ণ প্রার্থী হিসেবে অনলাইনে আবেদন করতে পারবেন, তবে তা সাময়িকভাবে গ্রহণ করা হবে। কেবল সেই প্রার্থীকেই অবতীর্ণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে যার স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের সকল লিখিত পরীক্ষা ৪৪তম বি.সি.এস. পরীক্ষার আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে অর্থাৎ ৩১.০১.২০২২ তারিখের মধ্যে সম্পূর্ণরূপে শেষ হয়েছে।

## ২.০ অনলাইনে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর আবেদনপত্র (BPSC Form-1) পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের সময়

২.১ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০.১২.২০২১ তারিখ, সকাল ১০.০০ মিনিট।

২.২ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১.০১.২০২২ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিট।

২.৩ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ৩১.০১.২০২২ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিটের মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টা (অর্থাৎ ০৩.০২.২০২২ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিট পর্যন্ত) সময়ের মধ্যে (বিজ্ঞপ্তির ১২.০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২.৪ Applicant's Copy- তে বর্ণিত সময় অনুযায়ী (অর্থাৎ ৭২ ঘণ্টা) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে হবে। ফি জমা দানের পূর্বে আবেদনপত্রে সংশোধনের সুযোগ রয়েছে। আবেদনের প্রিন্ট কপি দেখে নিশ্চিত হয়ে ফি জমা দিবেন। ফি জমাদানের পর আর কোন সংশোধনের সুযোগ থাকবে না। আবেদনের জন্য শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন করতে পরামর্শ দেয়া হলো।

## ৩.০ বয়সসীমা (Age limit): ১ নভেম্বর ২০২১ তারিখে বয়স

৩.১ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী এবং বি.সি.এস. (স্বাস্থ্য) ক্যাডারের প্রার্থী ছাড়া অন্যান্য সকল ক্যাডারের প্রার্থীর জন্য বয়স ২১ হতে ৩০ বছর **(জন্ম তারিখ: সর্বনিম্ন** ০২.১১.২০০০, **সর্বোচ্চ** ০২.১১.১৯৯১**)**।

৩.২ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী এবং বি.সি.এস. (স্বাস্থ্য) ক্যাডারের প্রার্থীর জন্য বয়স ২১ হতে ৩২ বছর **(জন্ম তারিখ: সর্বনিম্ন** ০২.১১.২০০০ **সর্বোচ্চ** ০২.১১.১৯৮৯**)**।

৩.৩ বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ও বি.সি.এস. (কারিগরি শিক্ষা) ক্যাডারের জন্য শুধু ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর বেলায় বয়স ২১ হতে ৩২ বছর **(জন্ম তারিখ: সর্বনিম্ন** ০২.১১.২০০০ **সর্বোচ্চ** ০২.১১.১৯৮৯**)**।

৩.৪ **প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।**

## ৪.০ নাগরিকত্ব (Nationality)

৪.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৪.২ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

## ৫.০ লিঙ্গ (Gender)

প্রকৃত যোগ্যতাধারী এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধান অনুযায়ী বাংলাদেশের যে কোন নাগরিক ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এ অংশগ্রহণের জন্য যোগ্য হবেন।

## ৬.০ চাকরিরত প্রার্থী

প্রজাতন্ত্রের কর্মে (সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা) অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীদের মধ্যে যোগ্যতাসম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতিপ্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

## ৭.০ অনলাইনে আবেদনপত্র (BPSC Form-1) পূরণ পদ্ধতি

৭.১ প্রার্থীকে Teletalk BD Ltd. এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-1) পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। বর্ণিত ওয়েবসাইটে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তি, অনলাইনে আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা এবং নির্ধারিত BPSC Form-1 দৃশ্যমান হবে। অনলাইন আবেদনপত্র (BPSC From-1) পূরণের বিষয়ে '৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর আবেদনপত্র (BPSC Form-1) অনলাইনে পূরণ, sms-এর মাধ্যমে 'ফি' জমাদান এবং Admit Card প্রাপ্তি' সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা শিরোনামে দেয়া থাকবে। অনলাইন ফরম পূরণের পূর্বে প্রার্থীকে উক্ত নির্দেশনা অংশটি ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভালভাবে জেনে নিতে হবে। ক্যাডার পছন্দের ভিত্তিতে Application Form-এর ৩টি ক্যাটাগরি রয়েছে, যেমন:

(I) Application Form for General Cadres;
(II) Application Form for Technical/Professional Cadres;
(III) Application Form for General and Technical/Professional (both) Cadres

৭.২ প্রার্থী শুধু General Cadre এর প্রার্থী হতে ইচ্ছুক হলে General Cadre এর Application form অংশে ক্লিক করলে General Cadre এর আবেদনপত্র দৃশ্যমান হবে। অনুরূপভাবে, General and Technical/Professional ক্যাডারের প্রার্থী হতে ইচ্ছুক হলে তাকে Both Cadre এর জন্য নির্ধারিত অংশটি ক্লিক করলে Both Cadre এর আবেদনপত্র দৃশ্যমান হবে। প্রার্থীর কাঙ্ক্ষিত BCS Application Form দৃশ্যমান হলে ফরমের প্রতিটি বিষয় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী পূরণ করতে হবে।

৭.৩ BCS Application Form-এর ৩টি অংশ রয়েছে: (I) Part-1: Personal Information; (II) Part-2: Educational Qualification; (III) Part-3: Cadre Option. উল্লেখ্য, BCS Application Form পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা এবং BCS Application Form এর প্রতিটি field এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করে পূরণ করতে হবে।

৭.৪ অনলাইনে আবেদন করার পর কোন পর্যায়েই প্রার্থীর কোন ভুল তথ্য সংশোধনের সুযোগ থাকবে না। তথ্য সংশোধনের জন্য কোন আবেদন গ্রহণ করা হবে না।

## ৮.০ ঘোষণা (Declaration)

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-1) ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থীর আবেদনপত্রের সকল তথ্য সঠিক। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণ হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগের সুপারিশ বাতিল এবং কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

## ৯.০ ছবি (Photo) আপলোড

BPSC Form-1 এর Part-1, Part-2 এবং Part-3 সফলভাবে পূরণ সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে 300 x 300 (দৈর্ঘ্য X প্রস্থ ) pixel এর কম বা বেশি নয় এবং File Size 100 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য, সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's Copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page-এর Help Menu-তে ক্লিক করলে Photo ও Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

## ১০.০ স্বাক্ষর (Signature) আপলোড

Application Preview-তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে 300 x 80 (দৈর্ঘ্য X প্রস্থ) pixel এর কম বা বেশি নয় এবং File Size 60 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, প্রার্থীকে এরূপ মাপের নিজের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's Copy তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে।

## ১১.০ বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধি ৯(৪)(ক)(খ) এর বিধান অনুযায়ী পরীক্ষার ফি প্রদান

BPSC Form-1 যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর আপলোড করে নিবন্ধন সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র জমা সম্পন্ন হলে প্রার্থী অনলাইনে একটি User ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। Application Preview ও Applicant's Copy-তে প্রার্থীর ছবি ও স্বাক্ষর অবশ্যই সঠিকভাবে দৃশ্যমান হতে হবে। User ID ব্যবহার করে Teletalk BD Ltd. এর sms এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করে প্রার্থীরা বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধি ৯ (৪) (ক) অনুযায়ী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে sms করে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর ফি ৭০০/- (সাতশত) টাকা জমা দিতে পারবেন। একই বিধিমালার বিধি ৯(৪)(খ) এর বিধানমতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত প্রার্থী, প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থী পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা জমা দিবেন। **উল্লেখ্য, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থী না হয়েও কোন প্রার্থী ১০০/- (একশত) টাকা ফি জমা দিয়ে ফরম পূরণ করলে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। এ বিষয়ে প্রার্থীদের সতর্কতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো।**

## ১২.০ ফি জমা দেয়ার পদ্ধতি

**প্রথম sms** : BCS <space> User ID লিখে send করুন 16222 নম্বরে

Example : **BCS** **QRNTCBTP**

**Reply** : Applicant's Name, Tk-700 (Tk-100 for Physically Disabled, Ethnic Minority Group and Third Gender Group Candidates) will be charged as Application Fee. Your PIN is (8 digit number) 12345678. To Pay Fee, type **BCS <Space> Yes <Space> PIN and send to 16222.**

**দ্বিতীয় sms** : BCS <space> Yes <Space> PIN লিখে send করুন 16222 নম্বরে
Example : **BCS YES 12345678**

**Reply** : Congratulations! Applicant's Name, payment completed successfully for 44th BCS Examination-2021. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

**N.B.** : For Lost Password, Please Type BCS <Space> HELP <Space> SSC Board <Space> SSC Roll <Space> SSC Year and send to 16222

## ১৩.০ প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড

বিজ্ঞপ্তির ১২.০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি প্রদান করলে টেলিটক হতে প্রেরিত sms বার্তায় প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দকৃত রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র তাৎক্ষণিকভাবে ডাউনলোড করে সংগ্রহ করতে পারবেন।

**কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ নিচে প্রদান করা হলো:**

| কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ (বাংলা ভার্সন) | রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ (ইংরেজি ভার্সন) |
|---|---|---|
| ক. ঢাকা | ১১০০০০০১-১১৯৯৯৯৯৯ | ১১৮০০০০১-১১৮৯৯৯৯৯ |
| খ. রাজশাহী | ১২০০০০০১-১২৯৯৯৯৯৯ | ১২৮০০০০১-১২৮৯৯৯৯৯ |
| গ. চট্টগ্রাম | ১৩০০০০০১-১৩৯৯৯৯৯৯ | ১৩৮০০০০১-১৩৮৯৯৯৯৯ |
| ঘ. খুলনা | ১৪০০০০০১-১৪৯৯৯৯৯৯ | ১৪৮০০০০১-১৪৮৯৯৯৯৯ |
| ঙ. বরিশাল | ১৫০০০০০১-১৫৯৯৯৯৯৯ | ১৫৮০০০০১-১৫৮৯৯৯৯৯ |
| চ. সিলেট | ১৬০০০০০১-১৬৯৯৯৯৯৯ | ১৬৮০০০০১-১৬৮৯৯৯৯৯ |
| ছ. রংপুর | ১৭০০০০০১-১৭৯৯৯৯৯৯ | ১৭৮০০০০১-১৭৮৯৯৯৯৯ |
| জ. ময়মনসিংহ | ১৮০০০০০১-১৮৯৯৯৯৯৯ | ১৮৮০০০০১-১৮৮৯৯৯৯৯ |

## ১৪.০ একাধিক ফরম পূরণ নিষিদ্ধ

কোন প্রার্থী ফি জমা দিয়ে চূড়ান্তভাবে অনলাইনে আবেদন করে প্রবেশপত্র গ্রহণ করার পর পুনরায় অনলাইনে আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে আবেদন প্রক্রিয়ার যে কোন পর্যায়ে তা প্রমাণ হলে তার সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে। তিনি কমিশন কর্তৃক গৃহীতব্য সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

## ১৫.০ অনলাইনে BPSC Form-3 পূরণ

লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে অনলাইনে Teletalk BD Ltd. এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd- এর মাধ্যমে অতিরিক্ত তথ্য সংবলিত BPSC Form-3 অনলাইনে বাংলায় পূরণ করতে হবে। এ বিষয়ে কমিশন কর্তৃক প্রেসবিজ্ঞপ্তি এবং BPSC Form-1 এ বর্ণিত প্রার্থীর মোবাইল নম্বরে Teletalk হতে sms -এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে নির্দেশনা প্রদান করা হবে। কমিশনের নির্দেশনা অনুযায়ী অনলাইনে পূরণকৃত উক্ত সংক্ষিপ্ত ফরম (BPSC Form-3) ডাউনলোড করে এর এক কপি প্রার্থী নিজের কাছে সংরক্ষণ করবেন।

## ১৬.০ মৌখিক পরীক্ষার বোর্ডে BPSC Form-1 এবং সংশ্লিষ্ট সনদ/ডকুমেন্টস জমাদান

লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট অথবা টেলিটক বাংলাদেশ লিমিটেড এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর জন্য অনলাইনে পূরণকৃত BPSC Form-1 (Applicant's Copy) কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে ডাউনলোড করে সংগ্রহ করবেন। বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নির্দেশনা অনুসরণ করে BPSC Form-1 সহ নিম্নোক্ত প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টস এর ২ (দুই) কপি মৌখিক পরীক্ষার বোর্ডে আবশ্যিকভাবে জমা দিতে হবে:

১৬.১ প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত তিন (০৩) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি BPSC Form-1 এর বাম পাশে স্ট্যাপলারের সাহায্যে সংযুক্ত করতে হবে।

১৬.২ শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের সকল মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি। অবতীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখসহ পরীক্ষা নিয়ন্ত্রক/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক স্বাক্ষরিত অবতীর্ণ প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি। **পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ উল্লেখবিহীন কোন অবতীর্ণ প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না। এরূপ ক্ষেত্রে প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না এবং প্রার্থিতা বাতিল হবে।**

১৬.৩ চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীদের প্রদত্ত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়ালে যদি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায়, অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে।

১৬.৪ বয়স প্রমাণের জন্য এস.এস.সি./সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। "O-Level" এবং "A-Level" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ [যেমন- পাসপোর্টের কপি, জন্ম সনদ]। উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১৬.৫ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞপ্তির ১.২ অনুচ্ছেদ অনুযায়ী ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি।

১৬.৬ মেডিকেল, ডেন্টাল ও ভেটেরিনারি সার্জন পদের জন্য প্রযোজ্য কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ চূড়ান্ত রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি।

১৬.৭ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীর জন্য ৩২ বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৬.৮ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি।

অথবা

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি।

১৬.৯ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি।

১৬.১০ তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি।

১৬.১১ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি।

১৬.১২ জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর রয়েছে এমন প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে NID নম্বর উল্লেখ করবেন এবং কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে তা প্রদর্শন করবেন।

১৬.১৩ **ছাড়পত্র:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের কমিশনের ওয়েবসাইটে আপলোডেড অনাপত্তি/ছাড়পত্র ফরম ডাউনলোড করে যথাসময়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষর গ্রহণপূর্বক মৌখিক পরীক্ষার বোর্ডে ছাড়পত্রের কপি জমা দিবেন। **সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

১৬.১৪ **অপসারণ আদেশ/ইস্তফাপত্র:** চাকরি হতে অপসারিত (Removed) হয়েছেন অথবা চাকরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এ সব ক্ষেত্রে প্রার্থীকে BPSC Form-1 এর সাথে চাকরি হতে অপসারণ আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৬.১৫ কোন প্রার্থী অনলাইন আবেদনপত্র BPSC Form-1 জমাদানের পর মৌখিক পরীক্ষার পূর্বে কোন চাকরিতে যোগদান করলে বা চাকরি থেকে ইস্তফাদান করলে বা চাকরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্র/ইস্তফাপত্র গ্রহণ/অপসারণ আদেশের কপি জমা দিতে হবে। অন্যথায়, মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১৬.১৬ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) ইত:পূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে NID বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি জমা দিতে হবে।

১৬.১৭ **প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম [পুলিশ ভেরিফিকেশন ফরম]**: প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করা হবে। ওয়েবসাইট থেকে প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে মৌখিক পরীক্ষার সময় উক্ত পরীক্ষার বোর্ডে ৩ (তিন) কপি জমা দিতে হবে।

১৬.১৮ মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে পূরণকৃত BPSC Form-3 আবশ্যিকভাবে জমা দিতে হবে।

১৬.১৯ বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে সরকারের অনুমতিপত্র জমা দিতে হবে।

১৬.২০ BPSC Form-1 এবং সংযুক্ত সকল ডকুমেন্টস অনুপুঙ্খ যাচাইয়ের পর শুধু ত্রুটিমুক্ত আবেদনের বিপরীতে সংশ্লিষ্ট প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে। কেবল লিখিত পরীক্ষায় কৃতকার্য হলেই মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার যোগ্যতা অর্জিত হবে না। লিখিত পরীক্ষায় কৃতকার্য হওয়া যে সকল প্রার্থী সংশ্লিষ্ট সকল ডকুমেন্টের কপিসহ BPSC Form-1 এর মুদ্রিত কপি জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল হবে।

## ১৭.০ প্রিলিমিনারি টেস্ট অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ

৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর প্রিলিমিনারি পরীক্ষা ২৭ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসমূহের সুনির্দিষ্ট তারিখ, সময় ও নির্দেশনা যথাসময়ে কমিশনের ওয়েবসাইট এবং সংবাদ মাধ্যমে প্রকাশ করা হবে।

## ১৮.০ প্রিলিমিনারি টেস্ট সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি

১৮.১ প্রার্থীদের ২০০(দুইশত) নম্বরের একটি Multiple Choice Question (MCQ) Type প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার সময় ২(দুই) ঘণ্টা।

১৮.২ এই পরীক্ষায় মোট ২০০ (দুইশত) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১(এক) নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কাটা যাবে।

১৮.৩ প্রিলিমিনারি টেস্টের MCQ উত্তরপত্র একটি গোপনীয় দলিল। এটি কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে কোনভাবেই প্রদর্শন করা হবে না এবং উক্ত টেস্টের নম্বর কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

১৮.৪ প্রিলিমিনারি টেস্টের উত্তরপত্র পুনঃনিরীক্ষণ বা পুনঃপরীক্ষণের সুযোগ থাকবে না।

**১৯.০ প্রিলিমিনারি টেস্টের বিষয় ও নম্বর বণ্টন নিচে প্রদান করা হলো:**

| ক্রমিক নম্বর | বিষয়ের নাম | নম্বর বণ্টন |
|---|---|---|
| ১. | বাংলা ভাষা ও সাহিত্য | ৩৫ |
| ২. | ইংরেজি ভাষা ও সাহিত্য | ৩৫ |
| ৩. | বাংলাদেশ বিষয়াবলি | ৩০ |
| ৪. | আন্তর্জাতিক বিষয়াবলি | ২০ |
| ৫. | ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ১০ |
| ৬. | সাধারণ বিজ্ঞান | ১৫ |
| ৭. | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | ১৫ |
| ৮. | গাণিতিক যুক্তি | ১৫ |
| ৯. | মানসিক দক্ষতা | ১৫ |
| ১০. | নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন | ১০ |
| | **মোট =** | **২০০** |

**২০.০ পরীক্ষা কেন্দ্র**

প্রিলিমিনারি টেস্ট এবং লিখিত পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে প্রার্থীর পছন্দের কোন কেন্দ্রে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষা অনুষ্ঠান সম্ভব না হলে কমিশন কর্তৃক নির্ধারিত অন্য কোন কেন্দ্রে প্রার্থীকে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। উল্লেখ্য, মৌখিক পরীক্ষা কমিশনের প্রধান কার্যালয়, ঢাকায় অনুষ্ঠিত হবে। কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হবে না।

**২১.০ প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক নিয়োগ**

প্রতিবন্ধী প্রার্থীদের জন্য মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আবেদনের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত শ্রুতিলেখক নিয়োগ করা হবে। যে সকল প্রতিবন্ধী প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন হবে তাদের কর্ম কমিশন কর্তৃক নির্দেশিত সময়ের মধ্যে কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার] বরাবর শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র, ছবি এবং প্রতিবন্ধী পরিচয়পত্রের কপিসহ শ্রুতিলেখক প্রাপ্তির আবেদন করতে হবে।

**২২.০ প্রিলিমিনারি টেস্টে প্রশ্নপত্রের ইংরেজি ভার্সন ব্যবহার**

প্রিলিমিনারি টেস্টে যে সকল প্রার্থী ইংরেজি ভার্সনের প্রশ্নপত্রে পরীক্ষা দিতে আগ্রহী তাদের অনলাইন ফরমে Question type option এর বক্সে টিক চিহ্ন (✓)দিতে হবে। ইংরেজি ভার্সনের প্রার্থীদের পরীক্ষা পৃথক পরীক্ষা হলে/কক্ষে অনুষ্ঠিত হবে। ইংরেজি ভার্সনের প্রার্থীরা বাংলা ভার্সনের পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষার উত্তরপত্র বাতিলসহ প্রার্থিতা বাতিল হবে।

**২৩.০ প্রিলিমিনারি টেস্টের উপযুক্ততা ও কৃতকার্যতা**

২৩.১ প্রিলিমিনারি টেস্টের পাস নম্বর বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত হবে, এ ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

২৩.২ উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ঠিকভাবে না লিখলে এবং ঠিকভাবে বৃত্ত পূরণ না করলে বা কোনরূপ কাটাকাটি করলে প্রার্থিতা বাতিল হবে।

**২৪.০ লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর এবং মৌখিক পরীক্ষার নম্বর বণ্টন:**

**২৪.১ সাধারণ ক্যাডারের জন্য**

| | বিষয় | নম্বর বণ্টন |
|---|---|---|
| ক. | বাংলা | ২০০ |
| খ. | ইংরেজি | ২০০ |
| গ. | বাংলাদেশ বিষয়াবলি | ২০০ |
| ঘ. | আন্তর্জাতিক বিষয়াবলি | ১০০ |
| ঙ. | গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা<br>[মানসিক দক্ষতা পরীক্ষার MCQ type ৫০টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন। তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে] | ১০০ |
| চ. | সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি | ১০০ |
| ছ. | মৌখিক পরীক্ষা | ২০০ |
| | **সর্বমোট =** | **১১০০** |

২৪.২ **প্রফেশনাল/টেকনিক্যাল ক্যাডারের জন্য**

| | **বিষয়** | **নম্বর বন্টন** |
|---|---|---|
| ক. | বাংলা | ১০০ |
| খ. | ইংরেজি | ২০০ |
| গ. | বাংলাদেশ বিষয়াবলি | ২০০ |
| ঘ. | আন্তর্জাতিক বিষয়াবলি | ১০০ |
| ঙ. | গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা<br>[মানসিক দক্ষতা পরীক্ষার MCQ type ৫০টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন। তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে] | ১০০ |
| চ. | সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক বিষয় | ২০০ |
| ছ. | মৌখিক পরীক্ষা | ২০০ |
| | **সর্বমোট =** | **১১০০** |

২৪.৩ যে সকল প্রার্থী সাধারণ ও প্রফেশনাল/টেকনিক্যাল উভয় ক্যাডারের পদের জন্য পছন্দক্রম দিতে ইচ্ছুক তাদেরকে সাধারণ ক্যাডারের ৯০০ নম্বরের সাথে অতিরিক্ত ওপরের ২৪.২(চ) তে বর্ণিত **"সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক"** একক বিষয়ের ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

২৫.০ **লিখিত পরীক্ষায় উত্তরদানের ভাষা**

বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি যে কোন একটি ভাষায় লেখা যাবে। একটি বিষয়ের উত্তরে উদ্ধৃতি বা অনিবার্য টেক্সট ব্যতীত একাধিক ভাষা ব্যবহার করা যাবে না। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশনা থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশনা অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।

২৬.০ **লিখিত পরীক্ষার উত্তরপত্র পুনঃ পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা সংক্রান্ত গোপনীয়তা**

২৬.১ বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধান অনুযায়ী লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল। কোন অবস্থাতেই কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে উত্তরপত্র প্রদর্শন করা হবে না। **উত্তরপত্র পুনঃপরীক্ষণ বা পুনঃ নিরীক্ষণের আবেদন বিবেচনা করা হবে না।**

২৬.২ মৌখিক পরীক্ষার নম্বর গোপন থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা সংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

২৭.০ **প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার সিলেবাস প্রাপ্তি**

প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট পাওয়া যাবে। প্রার্থীরা কমিশনের ওয়েবসাইট থেকে তাদের প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষার সিলেবাস ডাউনলোড করতে পারবেন।

২৮.০ **অনলাইনে সাক্ষাৎকারপত্র প্রাপ্তি**

মৌখিক পরীক্ষার জন্য কমিশন হতে ডাকযোগে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার] স্বাক্ষরিত ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর সাক্ষাৎকারপত্রটি কমিশনের ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করা হবে। কমিশন কর্তৃক মৌখিক পরীক্ষাসূচি ঘোষণার পর ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর সাক্ষাৎকারপত্রটি কমিশনের ওয়েবসাইট হতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ডাউনলোড করে সংগ্রহ করবেন। কমিশন কর্তৃক ঘোষিত ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর মৌখিক পরীক্ষার সময়সূচি অনুযায়ী প্রার্থীর জন্য নির্ধারিত মৌখিক পরীক্ষার তারিখ, রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সাক্ষাৎকারপত্রের ০১ নম্বর অনুচ্ছেদের নির্ধারিত স্থানে প্রার্থী স্বহস্তে লিখবেন। মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারপত্রে বর্ণিত কাগজপত্র এবং সাক্ষাৎকারপত্রসহ প্রার্থী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হবেন। **নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত না হলে উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

## ২৯.০ স্বাস্থ্য পরীক্ষা

২৯.১ কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সম্মুখে হাজির হতে হবে। মেডিকেল বোর্ডে স্বাস্থ্য পরীক্ষার সময় প্রার্থীদের নিম্নোক্ত দৈহিক যোগ্যতা থাকতে হবে:

| ক্রমিক নম্বর | ক্যাডার | প্রার্থী | ন্যূনতম উচ্চতা | ন্যূনতম ওজন |
|---|---|---|---|---|
| ক. | বি.সি.এস. (পুলিশ) এবং বি.সি.এস. (আনসার) ক্যাডারের জন্য | পুরুষ | ১৬২.৫৬ সে. মি. | ৫৪.৫৪ কে.জি. |
| | | মহিলা | ১৫২.৪০ সে. মি. | ৪৫.৪৫ কে.জি. |
| খ. | অন্যান্য ক্যাডারের জন্য | পুরুষ | ১৫২.৪০ সে. মি. | ৪৫.০০ কে.জি. |
| | | মহিলা | ১৪৭.৩২ সে. মি. | ৪০.০০ কে.জি. |

২৯.২ উল্লিখিত শারীরিক উচ্চতা না থাকলে কোন প্রার্থী নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না। কোন প্রার্থীর বর্ণিত ওজন না থাকলে তিনি সাময়িকভাবে অযোগ্য বলে বিবেচিত হবেন। প্রার্থীকে বিধি অনুযায়ী দৃষ্টিশক্তিসম্পন্ন হতে হবে। অন্যান্য স্বাস্থ্যগত যোগ্যতা সম্পর্কিত বিস্তারিত তথ্যাবলি যথাসময়ে জানানো হবে। উল্লেখ্য, প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষার বিধানসমূহ সরকারি সিদ্ধান্ত অনুসরণপূর্বক সম্পন্ন করা হবে।

### ২৯.৩ বুকের মাপ, ওজন ও উচ্চতা

প্রার্থীকে অনলাইন ফরমের নির্ধারিত স্থানে বুকের মাপ সেন্টিমিটারে উল্লেখ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার দিন অনলাইন ফরমের মুদ্রিত কপির সাথে উচ্চতা সেন্টিমিটারে, ওজন কে.জি. তে এবং বুকের মাপ সেন্টিমিটারে উল্লেখ সংবলিত বি.এম.ডি.সি. রেজিস্টার্ড মেডিকেল প্র্যাকটিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের কপি জমা দিতে হবে। প্রত্যয়নপত্রে মেডিকেল প্র্যাকটিশনারের রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে।

## ৩০.০ বিজ্ঞপ্তির শর্তের প্রাধান্য ও যোগাযোগের ক্ষেত্রসমূহ

৩০.১ এ বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হয়েছে তা BPSC Form-1 এর কোন শর্তের সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে, তবে কোন বিষয় উল্লেখ করা না থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যা দিবে।

৩০.২ পরীক্ষা সংক্রান্ত কোন প্রয়োজনীয় চিঠিপত্র কমিশনের "পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭" এই ঠিকানায় পাঠাতে হবে।

৩০.৩ প্রার্থীর ঠিকানায় কোন পরিবর্তন হলে প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রককে [ক্যাডার] যথাসময়ে লিখিতভাবে জানাতে হবে।

## ৩১.০ মিথ্যা তথ্য প্রদান ও অসদুপায় অবলম্বনের শাস্তি

৩১.১ কোন প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোন জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা পরিবর্তন করলে বা পরীক্ষার হলে মোবাইল ফোন, হাতঘড়ি, কমিশন কর্তৃক ঘোষিত নিষিদ্ধ সামগ্রী/ডিভাইস বা কোন ধরনের ইলেকট্রনিক যোগাযোগযন্ত্রসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে অসদুপায়ের আশ্রয় গ্রহণ করলে বা পরীক্ষার হলে কোনরূপ দুর্ব্যবহার করলে বা অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধান এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক পরিচালিত পরবর্তী যে কোন পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে।

৩১.২ ৩১.১ এ বর্ণিত অপরাধে জড়িত সংশ্লিষ্ট প্রার্থীকে ক্ষেত্র বিশেষে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। এমনকি প্রার্থীকে চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

## ৩২.০ নন-ক্যাডার পদে সুপারিশ

লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও পদস্বল্পতার কারণে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা- ২০২১ এর বিজ্ঞাপিত ক্যাডার পদে যে সকল প্রার্থী সুপারিশপ্রাপ্ত হবেন না সে সকল প্রার্থীকে সরকার কর্তৃক জারীকৃত নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০১০ এবং সংশোধিত বিধিমালা, ২০১৪ এর বিধানাবলি অনুসরণপূর্বক ৯ম থেকে ১২তম গ্রেডের প্রারম্ভিক পদে নিয়োগের লক্ষ্যে কমিশন কর্তৃক সুপারিশ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে, তবে এ ধরনের কার্যক্রম সুপারিশ প্রাপ্তির চূড়ান্ত কোন নিশ্চয়তা প্রদান করবে না। নন-ক্যাডার পদে সুপারিশ পেতে ইচ্ছুক প্রার্থীদের পছন্দক্রম অনলাইন আবেদনের প্রযোজ্য অংশে প্রতিফলন করতে হবে।

৩৩.০ **পরীক্ষা সংক্রান্ত আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়**

৩৩.১ BPSC Form-1 এর তথ্যের ভিত্তিতে প্রার্থীর আবেদন প্রক্রিয়ার যাবতীয় কার্যক্রম সম্পাদিত হবে।

৩৩.২ BPSC Form-1 এ নাম, রেজিস্ট্রেশন নম্বর, জন্ম তারিখ বা অন্য কোনরূপ গুরুতর (Substantive) ত্রুটি থাকলে পরবর্তীতে সংশোধনের কোন সুযোগ থাকবে না এবং এরূপ ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে। অনলাইনে ফরম পূরণের সময় নাম, জন্ম তারিখসহ প্রতিটি তথ্য অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে।

৩৩.৩ প্রার্থীর নাম ও পিতার নাম এস.এস.সি. অথবা সমমানের সনদে যে ভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সে ভাবে লিখতে হবে। প্রার্থীর নাম এবং পিতার নাম ঠিকভাবে না লিখলে প্রার্থিতা বাতিল হবে।


৩৩.৪ যে কোন পর্যায়ে গুরুতর অসম্পূর্ণতা (Substantively Incomplete) ধরা পড়লে প্রার্থিতা বাতিল হবে। গুরুতর ত্রুটি সম্পর্কিত গেজেট নোটিফিকেশন কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে।

৩৩.৫ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সরকারের সর্বশেষ আইন, বিধি-বিধান ও নির্দেশনা অনুসরণ করা হবে।

৩৪.০ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

**[পর্যাপ্ত সময় নিয়ে অতি সতর্কতার সাথে নির্ভুলভাবে নিজে আবেদনপত্র পূরণ করুন এবং নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বেই ফিসহ আবেদন প্রক্রিয়া সম্পন্ন করুন]**

**[যথাযথ প্রস্তুতি ও নির্দেশনার আলোকে বাংলাদেশ সিভিল সার্ভিস পরীক্ষায় অংশগ্রহণ করুন এবং নির্বাচিত হয়ে দেশ সেবার পবিত্র দায়িত্ব পালনের সুযোগ লাভ করুন]**



**নূর আহ্মদ**
**পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]**
**[যুগ্মসচিব]**

# *Android Application " Job Circular "*

নিয়োগ বিজ্ঞপ্তি, পরীক্ষার সময়সূচী, ফলাফল, প্রবেশপত্র ও অন্যান্য নোটিশ এবং নিয়োগ পরীক্ষার প্রস্তুতি সহ নিয়োগ সংক্রান্ত সকল তথ্য নিয়ে এই অ্যাপ।

## সংক্ষিপ্ত বৈশিষ্ট্য

- দৈনিক পত্রিকা এবং অনলাইনে প্রকাশিত প্রতিদিনের চাকরির বিজ্ঞপ্তি
- পরীক্ষা সময়সূচী এবং ফলাফল সহ পরীক্ষা সংক্রান্ত সকল নোটিশ
- সাপ্তাহিক চাকরির পত্রিকা (HD Picture এবং PDF আকারে)
- আবেদনের ফরম ডাউনলোড এবং চালান/ব্যাংক ড্রাফট ফরম পূরণ ও আবেদনের নিয়ম এবং অনলাইনে আবেদনের ঠিকানা
- নিয়োগ পরীক্ষার প্রস্তুতি, মডেল টেস্ট সহ পরীক্ষা প্রস্তুতি সহায়ক সকল তথ্য
- Favorite (Bookmark) system: এর মাধ্যমে আপনি আপনার পছন্দের বিজ্ঞপ্তি, নোটিশ, চাকরির প্রস্তুতি সহায়ক বিভিন্ন বিষয় Save করে রাখতে পারবেন।
- আবেদনের মেয়াদ শেষ হওয়ার পূর্বে গুরুত্বপূর্ণ চাকরির বিজ্ঞপ্তি ও প্রবেশ পত্র ডাউনলোড এবং অন্যান্য নোটিশ এর Reminder




## বিস্তারিত বৈশিষ্ট্য

### নতুন/গুরুত্বপূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি ও পরীক্ষার নোটিশের "Notification"

এর মাধ্যমে আপনি আপনার মোবাইলের Notification বার এ জানতে পারবেন গুরুত্বপূর্ণ চাকরির খবর এবং পরীক্ষার নোটিশ।

### Notification Category

কোন ধরণের নোটিফিকেশন পেতে চান সেটি বাছাই করতে পারবেন এবং আপনার অপছন্দের ক্যাটাগরি/নোটিফিকেশন বন্ধ রাখতে পারবেন।

### ≣ জব ক্যাটাগরি

বিজ্ঞপ্তিগুলো সহজে খুজে পাবার জন্য আছে বিভিন্ন ক্যাটাগরি। যেমন -

*General Job Category:*

| | | |
|---|---|---|
| সরকারি চাকরি | ব্যাংক জব | এনজিও জবস |
| শিক্ষক নিয়োগ | মার্কেটিং / সেলস | রেলওয়ে জব |
| ডিফেন্স এ চাকরি | সাপ্তাহিক চাকরির পত্রিকা | অন্যান্য বেসরকারি চাকরি |

*Special Job Category:*

| | |
|---|---|
| Hot Jobs | Date Wise Jobs |
| Part Time Jobs | Under Graduate Jobs |
| Graduates Jobs | Post Graduate Jobs |
| Deadline Today Jobs | Deadline Tomorrow Jobs |
| Any Other Deadline Jobs | Archive / Expired Job |

### ≣ জব এক্সাম নোটিশ ক্যাটাগরি

নিয়োগ পরীক্ষা সংক্রান্ত সকল নোটিশ পাবেন এই ক্যাটাগরিতে।

| | | | |
|---|---|---|---|
| পরীক্ষার সময়সূচী | পরীক্ষার ফলাফল | প্রবেশপত্র | অন্যান্য নোটিশ |

### Reminder

আবেদনের মেয়াদ শেষ হওয়ার পূর্বে গুরুত্বপূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি ও প্রবেশ পত্র ডাউনলোড এবং অন্যান্য নোটিশ এর Reminder

### ক্যারিয়ার গাইড

চাকরির পরীক্ষা সহায়ক বিভিন্ন তথ্য এবং Article ও পরামর্শ। বিষয়ভিত্তিক চাকরির প্রস্তুতি, শর্টকাট টেকনিক, মোটিভেশন সহ আরো অনেক কিছু।

### প্রতিদিনের তথ্য

বিভিন্ন দৈনিক পত্রিকা ও অনলাইনে থেকে গুরুত্বপূর্ণ সাধারণ জ্ঞানমূলক তথ্য।

### অনুবাদ চর্চা

দৈনিক ইংরেজি ও বাংলা পত্রিকার গুরুত্বপূর্ণ Article এর Vocabulary ও অনুবাদ। এবং এই Vocabulary গুলোর আলোকে মডেল টেস্ট/কুইজ।

www.prebd.com

### সাম্প্রতিক তথ্য

বিভিন্ন পত্রিকা ও অন্যান্য উৎস থেকে বাংলাদেশ এবং বিশ্বের সাম্প্রতিক তথ্য।

### ডাউনলোড জোন

চাকরির প্রস্তুতির জন্য বিভিন্ন বই এবং অনলাইনে প্রকাশিত সকল বিষয়ের তথ্যের PDF।

### ইন্টারভিউ টিপস

ইন্টারভিউ এর জন্য কিভাবে নিজেকে প্রস্তুত করবেন সেই সকল বিষয়ে অভিজ্ঞদের পরামর্শ।

### ভাইভা অভিজ্ঞতা

চাকরির ভাইভাতে কিধরণের প্রশ্নের সম্মুখীন হতে হয় সেই সকল তথ্য নিয়ে এই ক্যাটাগরি। বিসিএস, ব্যাংক সহ অন্যান্য নিয়োগ ভাইভা অভিজ্ঞতা এখানে পাবেন।

### প্রশ্ন ব্যাংক এবং সাম্প্রতিক পরীক্ষার প্রশ্ন - উত্তর

বিভিন্ন নিয়োগ পরীক্ষা- BCS, NTRCA, Primary সহ অন্যান্য নিয়োগ পরীক্ষার বিগত সালের প্রশ্ন এবং সমাধান। এবং প্রতিনিয়ত যে সকল নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয় তার প্রশ্ন-সমাধান।

### মডেল টেস্ট

এই ক্যাটাগরিতে "ব্যাখ্যা সহ/ছাড়া" মডেল টেস্ট পাবেন। (With timer /Without timer আপনার পছন্দ মত মডেল টেস্ট দিতে পারবেন)। বিষয়ভিত্তিক সহ আরো অনেক ক্যাটাগরির মডেল টেস্ট।

### National University News

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল খবরাখবর নিয়ে আছে আলাদা ক্যাটাগরি।

### Job Age Calculator

চাকরির বয়স বের করার ক্যালকুলেটর। এই Job Age Calculator এর মাধ্যমে আপনি আপনার কাঙ্ক্ষিত বয়স বের করতে পারবেন।

### Search Option

নিয়োগ বিজ্ঞপ্তি বা পরীক্ষার নোটিশ খুজে পাওয়ার জন্য আছে সার্চ অপশন।

### Day-Night Mode

সহজে এবং দীর্ঘক্ষণ অ্যাপ ব্যবহার উপযোগী ডে/নাইট মুড অপশন।

**এছাড়াও Notification Sound and Vibration Control, Keep Screen On, Dim Light mode Option, National University News সহ আরো অনেক ফিচার।**

**এক কথায় চাকরির প্রস্তুতি/খোঁজা থেকে শুরু করে চাকরি পাওয়া পর্যন্ত সকল তথ্য পাবেন এই অ্যাপটিতে।**

এই আপস এর বৈশিষ্ট্য গুলো যদি আপনার ভাল লাগে তাহলে আজই ডাউনলোড করুন।

App Download Link: https://play.google.com/store/apps/details?id=com.careerguidebd.jobcircular